# Special ASEAN-India Foreign Ministers' Meeting and related events

June 16, 2022

---

# আসিয়ান-ভারত বিদেশমন্ত্রীদের বিশেষ বৈঠক এবং তৎপ্রাসঙ্গিক ঘটনাসমূহ

জুন16,2022

আসিয়ান-ভারত সংলাপ সম্পর্কের 30বছর পূর্তি উপলক্ষে 16-17জুন2022 আসিয়ান-ভারত বিদেশমন্ত্রীদের বিশেষ বৈঠকের(এসএআইএফএমএম) জন্য ভারত আসিয়ানের বিদেশমন্ত্রীদের এবং মহাসচিবকে ভারতে স্বাগত জানিয়েছে। এই মাইল ফলক ছুঁতে পারার স্বীকৃতিস্বরূপ 2022 সালকে আসিয়ান-ভারত বন্ধুতার বছর হিসাবে উদযাপন করার কথা ভারত ও আসিয়ান নেতারা অক্টোবর 2021এর 18তম আসিয়ান-ভারত সম্মেলনে ঘোষণা করেছিলেন।

2.এসএআইএফএমএম এর যুগ্ম সভাপতি ছিলেন ভারতের বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর এবং সিঙ্গাপুর প্রজাতন্ত্রের বিদেশমন্ত্রী ডক্টর ভিভিয়ান বালাকৃষ্ণান। এই বৈঠকে উপস্থিত ছিলেন ব্রুনেই, কম্বোডিয়া, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, ভিয়েতনামের বিদেশমন্ত্রীরা এবং লাও পিডিআর ও ফিলিপাইন্সের প্রতিনিধিরা।এছাড়া উপস্থিত ছিলেন আসিয়ানের মহাসচিব। মন্ত্রীরা আসিয়ান-ভারত অংশীদারত্বের অবস্থা পর্যালোচনা করেন এবং আগামী দশকগুলির জন্য পথরেখা নির্দেশ করেন। এই আলোচনায় যে মূল বিষয়গুলি ছিল তা হল কোভিড-19 ও স্বাস্থ্য, ব্যবসা ও বাণিজ্য, ভৌত ও ডিজিটাল যোগাযোগ, শিক্ষা ও ক্ষমতা নির্মাণ এবং আসিয়ান আউটলুক অন ইন্দো-প্যাসিফিক(এওআইপি) নিয়ে সহযোগিতার যে আসিয়ান-ভারত যুগ্ম বিবৃতি দিয়েছিলো তার বাস্তবায়ন। আঞ্চলিক এবং আর্ন্তজাতিক পরিস্থিতি এবং অতিমারির পর অর্থনীতির উঠে দাঁড়ানো নিয়ে মন্ত্রীরা তাদের নিজেদের দৃষ্টিভঙ্গি বিনিময় করেছেন।বৈঠকে যুগ্ম সভাপতির বিবৃতি সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে।আসিয়ানের বিদেশমন্ত্রীরা এবং আসিয়ানের মহাসচিব মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সাথে সাক্ষাৎ করেছেন।

3. সফর চলাকালীন আসিয়ানের বিদেশমন্ত্রীরা, আসিয়ানের মহাসচিব ও বিদেশমন্ত্রীদের প্রতিনিধিরা এবং ডক্টর জয়শঙ্কর12 তম দিল্লি ডায়ালগ (ডিডি xii) –এ মন্ত্রীদের অধিবেশনে ভাষণ দেবেন যার ফোকাস 30 বছরের আসিয়ান-ভারত সম্পর্ক এবং যার থিম হচ্ছে বিল্ডিং ব্রিজেস ইন দ্য ইন্দো-প্যাসিফিক, যা 2009 সালে শুরু হয়েছে। দিল্লি ডায়ালগ হচ্ছে ভারতের প্রধান ট্র্যাক 1.5 ডায়ালগ যার লক্ষ্য বর্তমান আঞ্চলিক ও আর্ন্তজাতিক পরিস্থিতিতে আসিয়ান-ভারত সম্পর্ককে দৃঢ়তর করা।

4. সব মিলিয়ে বন্ধুত্বপূর্ণ ও সহযোগিতামূলক পরিবেশে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। আসিয়ানের সাথে তার সম্পর্ককে ভারত যে গুরুত্ব দেয়, যা ভারতের অ্যাক্ট ইস্ট নীতি এবং বিস্তৃত ইন্দো-প্যাসিফিক -এর দৃষ্টিভঙ্গিতে আসিয়ানকে কেন্দ্রস্থলে রাখা থেকে পরিলক্ষিত হয়।

**নিউদিল্লি**
**জুন 16,2022**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.